

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮০৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

আরবী

وَعَن رِفَاعَة بِن رَافِع قَالَ: جَاءَ رَجُلٌ فَصَلَّى فِي الْمَسْجِدِ ثُمَّ جَاءَ فَسَلَّمَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَعِدْ صَلَاتَكَ فَإِنَّكَ لَمْ تُصلِّ». فَقَالَ: اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَعِدْ صَلَاتَكَ فَإِنَّكَ لَمْ تُصلِّ». فَقَالَ: عِلِّمْنِي يَا رَسُولَ اللَّهِ كَيْفَ أُصلِّي؟ قَالَ: «إِذَا تَوَجَّهَتْ إِلَى الْقِبْلَةِ فَكَبِّرْ ثُمَّ اقْرَأْ بِأُمِّ الْقُرْآنِ وَمَا شَاءَ اللَّهُ أَنْ تَقْرَأً فَإِذَا رَكَعَتْ فَاجْعِلْ رَاحَتَيْكَ عَلَى رُكُبْتَيْكَ وَمَكِّنْ رُكُوعَكَ وَامْدُد وَمَا شَاءَ اللَّهُ أَنْ تَقْرَأً فَإِذَا رَكَعَتْ فَاجْلِسْ عَلَى قَذِنِكَ عَلَى رُكُبْتَيْكَ وَمَكِّنْ رُكُوعَكَ وَامْدُد ظَهْرَكَ فَإِذَا رَفَعْتَ فَاجْلِسْ عَلَى فَخِذِكَ الْيُسْرَى ثُمَّ اصْنَعْ ذَلِكَ فِي كُلِّ سَجَدْتَ فَمَكِّنِ السُّجُودَ فَإِذَا رَفَعْتَ فَاجْلِسْ عَلَى فَخِذِكَ الْيُسْرَى ثُمَّ اصْنَعْ ذَلِكَ فِي كُلِّ سَجَدْتَ فَمَكِّنِ السُّجُودَ فَإِذَا رَفَعْتَ فَاجْلِسْ عَلَى فَخِذِكَ الْيُسْرَى ثُمَّ اصْنَعْ ذَلِكَ فِي كُلِّ مَكِنْ السَّجُودَةٍ حَتَّى تَطْمَئِنَّ. هَذَا لَفَظُّ» الْمَصَابِيحِ . وَرَوَاهُ أَبُو دَاوُدُ مَعَ تَغْييرٍ يَسِيرٍ وَرَوَى التِرْمِذِيُّ وَالنَّسَائِيُّ مَعْنَاهُ. وَفِي رَوَايَةٍ لِلتِّرْمِذِيِّ قَالَ: «إِذَا قُمْتَ إِلَى الصَّلَاةِ وَوَلَى السَّكَ عَنْ اللَّهُ بِهِ ثُمَّ تَشَهَّدْ فَأَقِمْ فَإِنْ كَانَ مَعَكَ قُرْآنٌ فَاقْرَأْ وَإِلَّا فَاحْمَدِ اللَّهَ وَكَبِرْهُ وَهَلِله ثُمَّ الرَّهُ عَلَاهُ ثَمَّ الله ثمَّ الرَكِع»

বাংলা

৮০৪-[১৫] রিফা'আহ্ ইবনু রাফি' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি মসজিদে এসে সালাত আদায় করলেন। তারপর নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে তাঁকে সালাম জানালেন। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সালামের উত্তর দিয়ে বললেন, তুমি আবার সালাত আদায় কর। তোমার সালাত (সালাত/নামায/নামাজ) হয়নি। লোকটি বলল, হে আল্লাহর রসূল! কিভাবে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবো তা আমাকে শিখিয়ে দিন। নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি ক্বিবলা (কিবলা/কেবলা)মুখী হয়ে প্রথমে তাকবীর বলবে। তারপর সূরাহ্ ফাতিহা পাঠ করবে। এর সাথে আর যা পারো (কুরআন থেকে) পড়ে নিবে। তারপর রুকু' করবে। (রুকু'তে) তোমার দু' হাতের তালু তোমার দু' হাঁটুর উপর রাখবে। রুকু'তে প্রশান্তিতে থাকবে এবং পিঠ সটান সোজা রাখবে। রুকু' হতে উঠে পিঠ সোজা করে মাথা তুলে দাঁড়াবে যাতে হাড়গুলো নিজ নিজ জায়গায় এসে যায়। তারপর সিজদা (সিজদা/সেজদা) করবে। সাজদায় প্রশান্তির সাথে থাকবে।[1]



(হাদীসের মূল পাঠ মাসাবীহ থেকে গৃহীত। এ হাদীসটি আবৃ দাউদ সামান্য শান্দিক পার্থক্যসহ বর্ণনা করেছেন। তিরমিয়ী, নাসায়ীও প্রায় অনুরূপ বর্ণনা করেছেন)। তিরমিয়ীর বর্ণনায় আছে, নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সালাতের জন্য দাঁড়াতে ইচ্ছা করলে আল্লাহ যেভাবে নির্দেশ দিয়েছেন সেভাবে উযূ (ওযু/ওজু/অজু) করবে। এরপর কালিমাহ্ শাহাদাত পাঠ করবে। 'ইকামাত(ইকামত/একামত) বলবে (সালাত শুরু করবে)। তোমার কুরআন জানা থাকলে তা পড়বে, অন্যথায় আল্লাহর 'হামদ', তাকবীর, তাহলীল করবে। তারপর রুকৃ করবে।[2]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৮৫৯, ৮৬০, আহমাদ ১৮৫১৬, সহীহ আল জামি' ৩২৪।

[2] সহীহ : তিরমিযীর অপর বর্ণনাটিও সহীহ। তিরমিযী ৩০২। তবে তিরমিযীর বর্ণনাটি সহীহ-এর স্তরের।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ লোক সংক্ষিপ্ত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন যে সালাতে রুকু 'সিজদা্ (সিজদা/সেজদা) পরিপূর্ণ করা হয়নি।

এ হাদীস সুস্পষ্ট প্রমাণ করে যে, রুকৃ' সাজদায় সোজা হয়ে দাঁড়ানো, বসা ফরয। কেননা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আদেশ পুনরায় সালাত আদায়ের। তিনি আর কিছু বলেননি। এটা শর্তহীন নির্দেশ। আর শর্তহীন নির্দেশ ফরয সাব্যস্ত করে। কেননা পুনরায় সালাত আদায় প্রয়োজন হয় সালাত ফাসিদ হওয়ার কারণে।

তোমাকে কুরআন থেকে সূরাহ্ আল ফাতিহাহ্ বাদে আল্লাহ তা'আলা দান করছেন তা পড়ো যা এ হাদীসে প্রমাণ রয়েছে যে, সুরাহ্ আল ফাতিহাহ্ ছাড়া যা কিছু বাড়তি ক্রিরাআত (কিরআত) পড়া আবশ্যক।

যা তোমার কাছে সহজ হয়। এ থেকে এই দলীল গ্রহণ করা যায় যে, ফাতিহাহ্ পড়ার পর কুরআন হতে আরো কিছু পড়তে হবে। সূরাহ্ ফাতিহাহ্ অবশ্যই পড়তে হবে। কারণ এটা ছাড়া সালাত হবে না।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন